

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৫

ডিসেম্বর ২৯, ২০১৫
তারিখ : -----
পৌষ ১৫, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ।

প্রিয় মহোদয়,

ব্যাংকের চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীদের নিকট হতে
পে-অর্ডার/ড্রাফট আকারে ফি আদায় প্রসঙ্গে ।

শিরোনামোক্ত বিষয়ে নভেম্বর ০২, ২০১০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১১ এর প্রতি আপনাদের দৃষ্টি
আকর্ষণ করা যাচ্ছে ।

ব্যাংকের চাকুরির জন্য আবেদনকালে পে-অর্ডার/ড্রাফট আকারে ফি প্রদান করা তরুণ চাকুরি প্রার্থীদের জন্য অত্যন্ত কষ্টসাধ্য
বিধায় উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে ফি আদায় না করার বিষয়টি বিবেচনা করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হয় । কিন্তু লক্ষ্য
করা যাচ্ছে যে, কিছু কিছু ব্যাংকে চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীদের নিকট হতে পে-অর্ডার/ড্রাফট আকারে ফি আদায় করা
হচ্ছে ।

এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ব্যাংকের চাকুরিতে আবেদনকালে আবেদনকারীদের নিকট হতে পে-অর্ডার/ড্রাফট
আকারে কোন প্রকার ফি আদায় করা যাবে না ।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে ।

আপনাদের বিশ্বস্ত,



(আবু ফরাহ মোঃ নাছের)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০২৫২